অঘোর

বঙ্গীয় শব্দকোষ

বিণ [ন ত, ছান্দস]

১ ঘোরভিন্ন, সৌম্যরূপ, শান্ত।

২ [ন বহুব্রী] যাহা হইতে ঘোর নাই; অতিভীষণ, অতিভয়ানক।

৩ (বাঙ্‌লায়) সুগভীর, প্রগাঢ়।

৪ (অপ্র) নিদ্রানির্মীলিত, সুষুপ্তিজড়িত।

—র পুং ১ শিব, রুদ্রমূর্ত্তিবিশেষ।

২ অঘোরোপাসক, শৈব।

—রা স্ত্রী ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশী।

”°ঘোররূপ।

”অঘোর সমরে ম.বি ২১৩। অঘোর বাদল শ্রী.মা ১৭৮। ম.ম ২০০।

”অঘোর ঘুম ব.প ৪৭৩।

”নিদ্রায় অঘোর দুটী আঁখি শ্রী.মা ১৯৬।

”ঈশানাঘোরনামানৌ (পুরাণ)। অঘোর মন্ত্রেতে শিখা বান্ধে বি.সু ১৭১।

[°ঘোররূপ (পুং)—’শান্ত-ভীষণমূর্ত্তি’, শিব (মহা—S. W.)। °পথ, °পথী (-থিন্), °মার্গ (পুং)—শিব যাহার মোক্ষোপায়; শৈব, অঘোরপন্থী। °প্রমাণ (ক্লী)—শিবসাক্ষিক দিব্য; অতিগুরু দিব্য।]